# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৯৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যাদের কথা বর্ণনা করলাম, তাদের ব্যাপারে সাহাবীদের মন্দ ধারণা করার কারণ

ذِكْرُ وَصْفِ الشَّيْءِ الَّذِي مِنْ أَجْلِهِ كَانُوا يُسِيئُونَ الظَّنَّ بِمَنْ وَصَفْنَا نَعْتَهُ

---

আরবী

2097 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بِشْرٍ قَالَ: حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ أَبِي زَائِدَةَ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ عَنْ أَبِي الْأَحْوَصِ قَالَ: قَالَ عَبْدُ اللَّهِ: لَقَدْ رَأَيْتُنَا وَمَا يتخلَّف عَنِ الصَّلَاةِ إِلَّا مُنَافِقٌ قَدْ عُلِمَ نِفَاقُهُ أَوْ مَرِيضٌ وَإِنْ كَانَ الْمَرِيضُ لَيَمُرُّ بَيْنَ الرَّجُلَيْنِ حَتَّى يَأْتِيَ الصَّلَاةَ وَقَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم علَّمنا سُنَنَ الْهُدَى وَمِنْ سُنَنِ الْهُدَى الصَّلَاةُ في المسجد الذي يؤذَّن فيه.

الراوي : عَبْدُ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2097 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (559)

বাংলা

২০৯৭. আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা দেখেছি যে, জামা‘আতে সালাত আদায় করা থেকে বিরত থাকতো চিহ্নিত মুনাফিক অথবা অসুস্থ ব্যক্তি। অবশ্য অসুস্থ ব্যক্তি দুই জনের কাঁধে ভর দিয়েও সালাতে উপস্থিত হতো!” তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে হেদায়েতের সুন্নাতসমূহ শিক্ষা দিয়েছেন। হেদায়েতের সুন্নাতসমূহের অন্তর্ভুক্ত হলো মাসজিদে সালাত আদায় করা, যেই মাসজিদে আযান দেওয়া হয়।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৬৫৪; আবূ আওয়ানা: ২/৭; তাবারানী: ৮৬০৮; আত তায়ালিসী: ৩১৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৯৭৯; মুসনাদ আহমাদ: ১/৩৮২; আবূ দাউদ: ৫৫০; নাসাঈ: ২/১০৮-১০৯; ইবনু মাজাহ: ৭৭৭; সুনান

বাইহাকী: ৩/৫৮; সহীহ ইবনু খুযাইমাহ: ১৪৮৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৫৫৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91415

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন